

অন-লাইনে Application Form পূরণের নির্দেশনা

Application এর জন্য পূর্ব প্রস্তুতি

- প্রার্থীর এসএসসি/সমমান, এইচএসসি/সমমান, উচ্চ ডিগ্রী সম্পর্কিত তথ্য।
- প্রার্থীর ছবি সাইজ (300 x 300 Pixel) এবং স্বাক্ষর সাইজ (300 x 80 Pixel)।
- প্রার্থীর ছবি রঙ্গিন (কালার ফটো) আবশ্যিক।

Application Form পূরণ

যোগ্য প্রার্থীগণ <http://dpe.teletalk.com.bd> ওয়েব পোর্টালে প্রবেশ করে Application Form লিঙ্কে-এ **Assistant Teacher Post** সিলেক্ট করে Next বাটনে ক্লিক করে ভেরিফিকেশন পেজ-এ দৃশ্যমান নির্দেশনা অনুযায়ী তথ্য দিবেন। প্রার্থীর প্রয়োজ্য তথ্য দিয়ে সাবমিট বাটন-এ ক্লিক করলে যোগ্য প্রার্থীগণ আবেদন করার জন্য Application Form পাবেন।

প্রার্থীর বাছাই কার্যক্রম উপজেলা ভিত্তিক হবে। স্থায়ী ঠিকানায় উল্লিখিত উপজেলা অনুযায়ী মূল্যায়ন কার্যক্রম পরিচালিত হবে। **Application Form** পূরণে স্থায়ী ঠিকানার জেলা ও উপজেলা/থানা সর্বকর্তার সাথে নির্বাচন করতে হবে। নিয়োগ প্রক্রিয়ার পরবর্তী পর্যায়ে স্থায়ী ঠিকানার স্বপক্ষে গ্রহণযোগ্য প্রমাণ দাখিল করতে হবে। বিবাহিত নারী প্রার্থী নিজের অথবা স্বামীর স্থায়ী ঠিকানায় আবেদন করতে পারবেন।

Application Form-এ প্রার্থীর কিছু তথ্য আগে থেকেই পূরণকৃত থাকবে যা পরিবর্তন যোগ্য না। এছাড়া অন্যান্য তথ্য প্রার্থী নিজেই পূরণ করবেন। প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতা সহ অন্যান্য তথ্য থাকলে Application Form সাবমিট করে প্রিভিউ দেখতে পারবেন। প্রার্থীর প্রদত্ত তথ্য প্রিভিউ পেজ-এ ভুল অথবা অপরিপূর্ণ পরিলক্ষিত হলে সঠিক তথ্য দিয়ে পুনরায় নতুন আরেকটি Application Form পূরণ করবেন। পূরণকৃত Application Form সাবমিট করে প্রার্থী তা ডাউনলোড করে সংরক্ষণ করতে পারবেন। প্রার্থীর ডাউনলোডকৃত Applicant's Copy-তে একটি ইউজার আইডি সরবরাহ করা হবে এবং আবেদনের জন্য ফি জমা প্রদানের প্রয়োজনীয় নির্দেশনা থাকবে।

- আবেদন ফি জমা দেয়ার পর প্রার্থীর আবেদনপত্র চূড়ান্তভাবে গৃহীত হবে।
- পরীক্ষার তারিখ, আসন বিন্যাস ও প্রবেশপত্র ডাউনলোড বিষয়ে যথাসময়ে Application Form-এ আপনার প্রদত্ত মোবাইল নাম্বারে এসএমএস এবং www.dpe.gov.bd অথবা <http://dpe.teletalk.com.bd> ওয়েব পোর্টাল এর মাধ্যমে জানানো হবে।

Application Form পূরণে ধারাবাহিক স্তর

- প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার ভেরিফিকেশন।
- সঠিক যোগ্যতা সম্পন্ন প্রার্থী Application Form পাবেন।
- Application Form-এ প্রয়োজনীয় তথ্য পূরণ করে সাবমিট করলে পূরণকৃত তথ্যের প্রিভিউ দেখা যাবে।
- প্রিভিউ দেখে সঠিক মনে হলে ফরমটি পরবর্তী ধাপে সাবমিট করলে ইউজার আইডি ও আবেদন ফি প্রদানের নির্দেশনাসহ একটি Applicant's Copy পাওয়া যাবে।

Application এর ফি প্রদান

- Applicant's Copy -তে উল্লেখিত ইউজার আইডি ব্যবহার করে টেলিটকের প্রি-পেইড মোবাইল দিয়ে এসএমএস এর মাধ্যমে ফি প্রদান করতে হবে।
- ফি জমা দিতে টেলিটকের প্রি-পেইড নাম্বার থেকে এসএমএস করুন।
1st SMS: DPER<space>user ID & send to 16222
2nd SMS: DPER<space>yes<space>PIN & send to 16222
- ফি প্রদান প্রক্রিয়া সম্পন্ন হলে প্রার্থীর Application Form-এ প্রদত্ত মোবাইল নাম্বারে একটি কনফার্মেশন এসএমএস পাবে।
- কনফার্মেশন এসএমএস-এ প্রাপ্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে প্রার্থী পুনরায় Applicant's Copy ডাউনলোড করতে পারবেন।

হেল্প ট্যাব

- প্রার্থী আবেদন সংক্রান্ত যেকোন তথ্য বা ফরম পূরণে সহায়তা প্রয়োজন হলে এর হেল্প ট্যাব-এ ক্লিক করে আপনার নিকটস্থ কাস্টমার কেয়ার-এ যোগাযোগ করবেন। এছাড়া হেল্প ট্যাব-এ উল্লিখিত অন্যান্য হেল্প অপশন ব্যবহার করতে পারবেন।

Application ফি জমা ও অন-লাইনে চেক করার সুবিধা

- প্রার্থী নিজের ইউজার আইডি পেমেন্ট অপশন-এ সাবমিট করলে প্রার্থীর প্রয়োজনীয় তথ্যসহ পেমেন্ট তথ্যাবলী দেখতে পারবেন।

ইউজার আইডি ও পাসওয়ার্ড পুনরুদ্ধার

- প্রার্থী নিজেই প্রয়োজনীয় তথ্য সাবমিট করে ইউজার আইডি ও পাসওয়ার্ড পুনরুদ্ধার করতে পারবেন।

বিশেষ সতর্কতা

- শেষ দিনের জন্য অপেক্ষা না করে আজই আবেদনপত্র পূরণ সম্পন্ন করুন। শেষ দিনে প্রার্থীর স্থানীয় ইন্টারনেট ব্যান্ড-উইড্থ এর সীমাবদ্ধতার কারণে আবেদন ফরম পূরণে সমস্যা দেখা দিতে পারে, তাই যথেষ্ট সময় হাতে রেখে আবেদন ফরম পূরণ করে দাখিল করুন।